



IBRAHIM MEDICAL COLLEGE

ইব্রাহিম মেডিকেল কলেজ

The trend-setter in medical education

(An Institution of the Diabetic Association of Bangladesh)

০৬ জুলাই ২০২০

শোকবার্তা

গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে ইব্রাহিম মেডিকেল কলেজের প্রাক্তন অধ্যক্ষ, প্রতিষ্ঠাতা উপাধ্যক্ষ ও ফার্মাকোলজীর কিংবদন্তী অধ্যাপক আমাদের সকলের শ্রদ্ধেয় প্রফেসর একেএম নুরুল আনোয়ার Covid-19 ভাইরাসজনিত রোগে আক্রান্ত হয়ে আনোয়ার খান মডার্ন মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল ৫ই জুলাই, ২০২০ তারিখে মৃত্যুবরণ করেছেন। ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন।

ইব্রাহিম মেডিকেল কলেজের সকল একাডেমিক ও নন-একাডেমিক স্টাফ, সকল শিক্ষক ও ছাত্রছাত্রীবৃন্দ তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাভিভূত। আমরা তাঁর রুহের মাগফেরাত এবং অনন্ত বেহেশতবাসের জন্য প্রার্থনা করছি।

ইব্রাহিম মেডিকেল কলেজের প্রতিষ্ঠার জন্য তাঁর অক্লান্ত পরিশ্রম ও পরবর্তীতে কলেজের সুনাম ও মর্যাদা অর্জনের জন্য তাঁর অনবদ্য অবদান অনস্বীকার্য। আমরা সকলে অসীম কৃতজ্ঞতা ও শ্রদ্ধার সঙ্গে সবসময় তাঁকে স্মরণ করব।

তাঁর শোকাহত পরিবারের জন্য রইল আমাদের সকলের পক্ষ থেকে গভীর সমবেদনা।

অধ্যাপক নাজমা হক
অধ্যক্ষ

অনুলিপি:

১. সভাপতি, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি
২. মহাসচিব, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি
৩. যুগ্ম-মহাসচিব, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি
৪. মহাপরিচালক, বারডেম জেনারেল হাসপাতাল
৫. শোকসন্তুস্ত পরিবার